# ষাটের কবি: বিচিত্রের বিষাদ

দিলীপ বন্দ্যোপাধ্যায়

প্রথমেই বলে রাখা ভালো ,ষাটের কবিতা আর ষাটের কবি দুটি সম্পুর্ণ আলাদা বিষয়। ষাটের কবিতা বা ছয়ের দশকের কবিতা বলতে বোঝায় অন্তত বোঝানো উচিত,১৯৬০-১৯৬৯ এই দশ বছরে লেখা বা প্রকাশিত কবিতা । বোঝাই যায় বিষয়টি বেশ জটিল ।এর মধ্যে আছেন বুদ্ধদেব বসু থেকে বুদ্ধদেব দাশগুপ্ত, অন্নদাশঙ্কর রায় থেকে আনন্দ ঘোষ হাজরা ,অমিয় চক্রবর্তী থেকে ভাস্কর চক্রবর্তী। ফলে একটি দশকের কবিতায় অনেকগুলি সময়ের সংশ্লেষ, অনেকগুলি অভিজ্ঞতাবলয়ের কাটাকুটি দৃশ্যমান হয়ে ওঠে। আমার ব্যক্তিগত অভিমত, কবিতার ইতিহাস রচিত হওয়া উচিত এভাবেই। সময় কিভাবে জ্ঞানপীঠপ্রাপ্ত, সত্তরোর্ধ কবির সঙ্গে সদ্য তরুণ কবিযশোপ্রার্থী কলেজ পড়ুয়ার শব্দভান্ডারের দাঁত বসায়, কী ভাবে পূর্বজ আর অনুজ মিল- অমিলের দ্বান্দ্বিকতা নিয়েই অজান্তে এক অন্তহীন মহাকবিতা রচনা করে চলেন, তার অনুধ্যানই তো ইতিহাসচর্চা। বিষয়টির বিস্তৃতি ও বৈচিত্র্য স্পষ্ট হবে এ দশকের যে কোনো একটি বছরকে বেছে নিয়ে সেই বছরে প্রকাশিত কবিতার বইগুলির দিকে একবার তাকালেই ।ধরা যাক ১৯৬৪সাল। সন্দীপ দত্ত প্রণীত 'বাংলা কবিতার কালপঞ্জি' (র‍্যাডিক্যাল ইম্প্রশন, কলকাতা,১৯৯০) তে ১৯৬৪তে প্রকাশিত কবিতা পুস্তকের তালিকায় ৩৯টি বইয়ের মধ্যে রয়েছে' কবিশেখর কালিদাস রায়ের শ্রেষ্ঠ কবিতা ', 'অজিত দত্তর কবিতা সংগ্রহ' বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'তিন পাহাড়ের স্বপ্ন', সভা ভেঙে গেলে', মুখে যদি তক্ত ওঠে ', অরবিন্দ গুহর 'নিবিড় নীলিমায় অলংকৃত' উলপলকুমার বসুর 'পুরী সিরিজ' ,বিনয় মজুমদারের 'আমার ঈশ্বরীকে' ,আনন্দ বাগচির কাব্যোপন্যাস 'স্বকালপুরুষ' আশিস স্যান্যালের 'আজ বসন্ত', উত্তর বসুর 'প্রান্ত প্রদক্ষিণ' , গনেশ বসুর 'বনানীকে কবিতাগুচ্ছ', মলয় রায়চৌধুরীর ' আমার অমীমাংসিত শুভা', প্রদীপ চৌধুরীর 'চর্মরোগ'.. ইত্যাদি। বলা বাহুল্য এঁরা সবাই তথাকথিত ষাটের কবি নন ।কারও সৃজনি প্রতিভা তখন অস্তাচ লে, কারো শ্রেষ্ঠ রচনাগুলি এ দশকেই আলোর মুখ দেখল ।আবার কেউ কেউ সবে লিখতে ও লেখা ছাপতে শুরু করলেন পূর্বজদের ভাষাভঙ্গি ধরা করে, অথচ ঐ পূর্বজদেরই অস্বীকার করে ।বাংলা কবিতার আলোচনায় এই তৃতীয় দলটির কবিতাই ষাট দশকের কবিতা নাম পরিচিত ।কিন্তু , গুণমান চেড়ে যদি কেবল সংখ্যার দিকেই তাকানো যায়, দেখা যাবে তরুণতম এই কবিদের তুলনায় এ দশকে অনেক বেশি কবিতা প্রকাশিত হয়েছে ঐ পূর্বজ কবিদেরই ।সুতরাং এঁদের কবিতাকেই শুধু ষাটের কবিতা ধরে নিলে তা হবে অর্ধসত্য। এঁরা আসলে ষাটের কবি—ষাট দশকে লিখতে শুরু করা কবি। আমাদের আলোচ্য আজ এঁরাই, এদের সেই সময় আর পরবর্তীকালে